DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 08:13 AM


সারাদেশ

# অ্যাপভিত্তিক সিএনজি সেবা বন্ধ না করার দাবিতে বিআরটিএ ভবনের সামনে মানববন্ধন

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক, ঢাকা
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ৩০ জুলাই ২০২৬, ০৫:২১ PM




ছবি: প্রতিনিধি

অ্যাপভিত্তিক সিএনজি অটোরিকশা সেবা বন্ধ না করার দাবিতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) প্রধান কার্যালয়ের সামনে মানববন্ধন করেছেন সিএনজি অটোরিকশাচালকেরা।

বৃহস্পতিবার (৩০ জুলাই) রাজধানীর বিআরটিএ ভবনের সামনে আয়োজিত এ কর্মসূচিতে চালকেরা বলেন, অ্যাপভিত্তিক সেবার মাধ্যমে যাত্রী ও চালকউভয়েই সুবিধা পাচ্ছেন। এতে ভাড়া নির্ধারণে স্বচ্ছতা এসেছে, যাত্রীদের নিরাপত্তাও বেড়েছে। তাই এ সেবা বন্ধের কোনো উদ্যোগ নেওয়া হলে তা চালক ও সাধারণ যাত্রীউভয়ের স্বার্থের পরিপন্থী হবে।

বক্তারা বলেন, অ্যাপভিত্তিক সিএনজি সেবা বন্ধ না করে বরং এ খাতকে আরও সুশৃঙ্খল ও প্রযুক্তিনির্ভর করতে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন

এবং কার্যকর তদারকি নিশ্চিত করা উচিত।

মানববন্ধন থেকে তারা সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অ্যাপভিত্তিক সিএনজি সেবা অব্যাহত রাখার আহ্বান জানান। পাশাপাশি এ বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে চালকদের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবি জানান।

দাবি পূরণ না হলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে বলেও মানববন্ধন থেকে সতর্ক করেন আন্দোলনকারীরা।

---

## এ বিভাগের আরও খবর



**রাঙামাটিতে পিকআপ উল্টে নিহত ৪**
রাঙামাটির মানিকছড়িতে পিকআপ উল্টে দুই নারীসহ চারজন নিহত হয়েছেন। এ সময় আরো তিনজন আহত হয়েছেন।রবিবার (১৬ আগস্ট) ভোরে সদর উপজেলার সাপছড়ি ইউনিয়নের...



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




**শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার**

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/ojapbhittik-sienji-seba-bndh-na-krar-dabite-biartie-bhbner-samne-manbbndhn